কানাইঘাট পৌরসভার নির্বাচনে ২ মেয়র প্রার্থীর মনোনয়ন পত্র সংগ্রহ

কানাইঘাট প্রতিনিধি ◌ঃ
আসন্ন কানাইঘাট পৌরসভার নির্বাচনকে সামনে রেখে উপজেলা রিটার্নিং কর্মকর্তার কার্র্যালয় থেকে মেয়র পদে মনোনয়ন পত্র সংগ্রহ করেছেন বিএনপির সম্ভাব্য মেয়র প্রার্থী বর্তমান পৌর কাউন্সিলর শরীফুল হক ও ইসলামী আন্দোলনের সম্ভাব্য মেয়র প্রার্থী হাফিজ মাওলানা নজির আহমদ। গত রবিবার উপজেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে উপস্থিত হয়ে দলের নেতাকর্মীদের নিয়ে মেয়র পদে মনোনয়ন পত্র সংগ্রহ করেন কানাইঘাট পৌর বিএনপির সাবেক সভাপতি কাউন্সিলর শরীফুল হক। তিনি বিএনপির সম্ভাব্য মেয়র প্রার্থী বলে জানা গেছে। অপর দিকে গতকাল সোমবার রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেছে ইসলামী আন্দোলনের সম্ভাব্য মেয়র প্রার্থী হাফিজ মাওলানা নজির আহমদ। এ সময় তার সাথে ইসলামী আন্দোলনের নেতা ফজলে রাব্বি সহ বেশ কয়েকজন দলীয় নেতাকর্মী উপস্থিত ছিলেন। প্রসঙ্গত যে, তফসিল অনুযায়ী আগামী ১৪ ফেব্রুয়ারি কানাইঘাট পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।